বিআইডব্লিউটিসি

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন

(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)

ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০

***Website:** www.biwtc.gov.bd*

নিরাপদ নৌ চলাচল ও উন্নত যাত্রীসেবা
প্রদানে বিআইডব্লিউটিসি অংগীকারাবদ্ধ।

### নিয়োগ বিজ্ঞপ্তি নং-২০৮/২০২১

স্মারক নং-১৮.১৫১.০১১.০৩.০১.০৩৭.২০১০-৯৬১

তারিখ: ০৫/০৮/২০২১ খ্রি.

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) নিম্নবর্ণিত শূন্য পদে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম অনুযায়ী লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে http://biwtc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | ১৯/০৫/২০২১ তারিখে বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮ হতে ৩০ বছর | ৫৬(ছাপ্পান্ন)টি | কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির বাংলা প্রতিমিনিটে সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজি প্রতিমিনিটে সর্বনিম্ন ২০ শব্দ গতিসহ এইচএসসি। |

অন্যান্য শর্তাবলী ঃ

১. ১৯.০৫.২০২১ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://biwtc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপ :

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮.০৮.২০২১ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৭.০৯.২০২১ খ্রি., বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমের ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

(i) Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ii) Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৪/- (চব্বিশ) টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ২২৪/-(দুইশত চব্বিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

(iii) "এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "।

(iv) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

(v) প্রথম SMS: **BIWTC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BIWTC ABCDEF**

Reply: Aplicant's Name, Tk-224 will be charged as application fee. Your PIN is 12345678,

To pay fee Type **BIWTC**<space>**YES**<space>**PIN** and send to 16222 নম্বরে।

(vi) দ্বিতীয় SMS: **BIWTC**<space>**YES**<space>**PIN** and send করতে হবে 16222 নম্বরে।

Example: **BIWTC YES 12345678**

Reply: Congratulations Aplicant's Name. Payment Completed Successfull for BIWTC Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)।

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি ( http://biwtc.teletalk.com.bd ) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BIWTC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BIWTC Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **BIWTC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **BIWTC Help PIN 12345678**

৪. প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে জ) পর্যন্ত কাগজপত্রে মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞাতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতি মালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

জ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও **vas.query@teletalk.com.bd** এবং **cpmbiwtc@yahoo.com** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: BIWTC, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৭. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে স্থায়ীভাবে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. এ বিজ্ঞপ্তি আংশিক বা সর্ম্পূণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিআইডব্লিউটিসি'র ওয়েবসাইটে www.biwtc.gov.bd এবং https://alljobs.teletalk.com.bd পাওয়া যাবে।

১১. সার্টিফিকেট, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্ম স্থান অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখে।

১৩. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান** করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৫.০৮.০২২

(মানসুরা আহ্মেদ)
চীফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি
ও
কমিটির সদস্য-সচিব